গণিত মেধা অন্বেষণ - ২০২৫

Mathematics Talent Search – 2025

Organised by: The Pi Group of Mathematics, Cooch Behar

Class – III | Full Marks – 100 | Time – 1 Hr 30 Min

****পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ****

১. উত্তরপত্রের নির্দিষ্ট জায়গায় পরীক্ষার্থীর নাম, পরীক্ষার রোল নম্বর, শ্রেণী এবং বিদ্যালয়ের নাম ঠিকমত লিখতে হবে।

২. প্রতিটি প্রশ্নের মান ২ করে মোট ৫০ টি প্রশ্ন আছে।

৩. প্রতিটি প্রশ্নের জন্য ৪ টি করে সম্ভাব্য উত্তর-এর বিকল্প (Option) দেওয়া আছে।

৪. উত্তরপত্র (OMR Sheet)-এ প্রতিটি প্রশ্নের চারটি বিকল্পের মধ্যে শুধুমাত্র সঠিক বিকল্প লেখা বৃত্তটি সম্পুর্ণ ভর্তি করে দিতে হবে। **একই প্রশ্নের একাধিক বৃত্ত ভর্তি করলে সেই উত্তরটি বাতিল বলে গণ্য হবে।**

৫. ভুল উত্তরের জন্য কোনো নেগেটিভ মার্কিং নেই।

1. ১ মিটার = ________ কিলোমিটার

(a) ০.১ (b) ০.০১ (c) ০.০০১ (d) ০.০০০১

2. কোন সময় ঘড়ির ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটা একই সরলরেখায় থাকে

(a) ২ টো ৪৫ মিনিটে (b) ৬ টায় (c) ৯ টা ১৫ মিনিটে (d) কোনটিই নয়

3. কোন্ সংখ্যাকে ১২ থেকে পরপর ৬ বার বিয়োগ করলে বিয়োগফল ‘০’ (শূন্য) হয়?

(a) ০ (b) ২ (c) ৬ (d) ১২

4. ১০ টাকা ৬ পয়সা = ________ টাকা

(a) ১০.৬০ টাকা (b) ১.০৬ টাকা (c) ১০.০৬ টাকা (d) ১.০০৬ টাকা

5. ২০২৪ সালে বিবেকানন্দের জন্মদিন ১২ জানুয়ারী শুক্রবার হলে ২০২৫ সালের ১২ ই জানুয়ারী কী বার হবে?

(a) বৃহস্পতি (b) শুক্র (c) শনি (d) রবি

6. ১, ৩, ০, _____ , ৭ সংখ্যাগুলোর গড় ৩ হলে ফাঁকা স্থানের সংখ্যাটি কত হবে?

(a) ২ (b) ৪ (c) ৫ (d) ৬

7. $\frac{৩}{৪} = \frac{\quad}{২০}$, ফাঁকা জায়গায় সংখ্যাটি হবে -

(a) ১০ (b) ১২ (c) ১৫ (d) ২০

8. ৪৭ X ১৩ = ৬১১ – এখানে ১৩ হল

(a) গুণ্য (b) গুণক (c) গুনফল (d) ৬১১ এর গুণিতক

9. ১ ঘন্টার $\frac{২}{৫}$ অংশ = ☐ মিনিট।

(a) ৭ (b) ১২ (c) ২৪ (d) ৩০

10. ৬০০০০ + ৫০০০ + ৪০ + ৩ – এর যোগফল কত?

(a) ৬৫৪০৩ (b) ৬৫৪৩০ (c) ৬০৫৪৩ (d) ৬৫০৪৩

11. ‘MAN’ শব্দটিতে সরলরেখার সংখ্যা হল -

(a) ৮ (b) ৯ (c) ১০ (d) ১১

12. ৫৬৭ + ৫৬৭ + ৫৬৭ + ৫৬৭ + ৫৬৭ +৫৬৭ + ৫৬৭ = কত?

(a) ৩৯৬৯ (b) ৩৬৯৯ (c) ৯৩৬৯ (d) ৬৯৩৯

13. নীচের সংখ্যাগুলির মধ্যে ৬ দ্বারা বিভাজ্য নয় কোনটি?

(a) ৬৫৪০৬ (b) ৫৬০৩৪ (c) ৩৪০৫৬ (d) ১২০৩৪

14. দৈর্ঘ্য পরিমাপের মূল একক হল -

(a) মিটার (b) গ্রাম (c) লিটার (d) কিলোমিটার

15. অপ্রকৃত ভগ্নাংশের ক্ষেত্রে লব □ হর ।

(a) < (b) > (c) = (d) ≠

16. একটি ষড়ভুজের বাহুর সংখ্যা ______ টি ।

(a) ৪ (b) ৫ (c) ৬ (d) ৭

17. ৯৯ এর সঙ্গে কত যোগ করলে তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা পাওয়া যাবে?

(a) ০ (b) ১ (c) ৯ (d) ৯০০

18. পাশের ছবিতে ত্রিভুজের সংখ্যা কয়টি ?



(a) ৪ (b) ৫ (c) ৬ (d) ৭

19. রিয়া প্রতিদিন ১ টাকা ৫ পয়সা করে সঞ্চয় করে। সে ২০ দিনে কত টাকা সঞ্চয় করবে?

(a) ২১ টাকা ৫ পয়সা (b) ২১ টাকা ৫০ পয়সা (c) ২১ টাকা (d) ২০ টাকা ৫০ পয়সা

20. ফাঁকা জায়গায় সঠিক সংখ্যা বসাও : ১১, ১২, ১৪, ১৭, ২১, ______

(a) ২৬ (b) ২৪ (c) ২২ (d) ২৮

21. ১৯ শে অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত মোট দিনসংখ্যা

(a) ১৮ (b) ১৯ (c) ২০ (d) ২১

22. সরল প্রক্রিয়ার শেষ ধাপ _______ ।

(a) যোগ (b) বিয়োগ (c) গুণ (d) ভাগ

23. ০.১ X ০.২ X 0.৩ X ০.৪ = ?

(a) ০.২৪ (b) ০.০২৪ (c) ০.০০২৪ (d) ০.১২৩৪

24. $\frac{৫}{৭}$ □ $\frac{৫}{১১}$

(a) > (b) < (c) = (d) কোনটিই নয়

25. ২৮৭০ সংখ্যাটিতে ৮ এর স্থানীয় মান ও প্রকৃত মান হল -

(a) ৮৭ ও ৮ (b) ২৮৭ ও ৮ (c) ৮০০ ও ৮ (d) ৮৭০ ও ৮

26. তোমার বাড়ির ঘড়িতে রাত ১২ টা বাজলে ২৪ ঘন্টার ঘড়িতে তখন সময় কত দেখাবে?

(a) ১২ : ০০ (b) ২৪ : ০০ (c) ১২ : ১২ (d) ০০ : ০০

27. তোমার গণিত বই এর উপরের পাতার জ্যামিতিক আকারের নাম কী?

(a) আয়তক্ষেত্র (b) বর্গক্ষেত্র (c) ত্রিভুজ (d) বৃত্ত

28. ২০২৩ সালের ফেব্রুয়ারী মাসের দিন সংখ্যা কত?

(a) ২৮ (b) ২৯ (c) ৩০ (d) ৩১

29. ৭, ৫, ০, ৩ দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত?

(a) ৭৩৪৪ (b) ৪৪৭৩ (c) ৪৩৭৪ (d) ৪৭৩৪

30. কোন সংখ্যায় কোন্ অঙ্কের স্থানীয় মান এবং প্রকৃত মান উভয়ই সমান হয় ?

(a) ০ (b) ১ (c) ২ (d) ৩

31. ১ দিনে মিনিটের কাঁটা ১২ এর ঘরে আসে ________ ।

(a) ১২ বার (b) ২৪ বার (c) ৩৬ বার (d) ১ বার

32. ৩৫ থেকে ৪৫ পর্যন্ত বিজোড় সংখ্যা আছে ______ টি।

(a) ৪ টি (b) ৫ টি (c) ৬ টি (d) ৭ টি

33. একটি গোলকের পৃষ্ঠতল ______ ।

(a) সমতল (b) বক্রতল (c) সরলরেখা (d) বক্ররেখা

34. ১০ টি গরু ও ১৫ টি মানুষের মোট পায়ের সংখ্যা কত?

(a) ৫০ (b) ৬০ (c) ৭০ (d) ৮০

35. ১০ এর ১০ গুণ যে সংখ্যাটি, সেটি দুই অঙ্কের বৃহত্তম সংখ্যা থেকে কত কম বা বেশী ?

(a) ১ কম (b) ১ বেশী (c) ২ কম (d) ২ বেশী

36. একটি ভাগ অঙ্কের ভাগফল ৩০, ভাজক ভাগফলের অর্ধেক, ভাগশেষ ১৪ হলে ভাজ্য কত?

(a) ২৪০ (b) ৩১৪ (c) ৪৩৫ (d) ৪৬৪

37. রহিমের কাছে ১ টি ২০ টাকার নোট, ১ টি ১০ টাকার কয়েন ও ১ টি ৫০ পয়সার কয়েন ছিল। তার মোট টাকার থেকে বন্ধুকে ১৫ টাকা দিল। তাহলে তার কাছে কত টাকা রইল?

(a) ১৫ টাকা (b) ১৫ টাকা ৫০ পয়সা (c) ১০ টাকা (d) ১০ টাকা ৫০ পয়সা

38. একটি দড়ির দৈর্ঘ্য ১২ মিটার ৪৮ সেন্টিমিটার। দড়িটিকে সমান ৬ ভাগে ভাগ করলে প্রতিটি ভাগের দৈর্ঘ্য হবে ______ ।

(a) ২ মি. ৮০ সেমি (b) ২ মি. ৮ সেমি (c) ২ মি. ৮ ডেসিমি (d) কোনটিই নয়

39. ১ ডজন কলমের দাম ৩০ টাকা হলে ১ টি কলমের দাম কত?

(a) ২ টাকা (b) ৩ টাকা (c) ২.৫০ টাকা (d) ৩.৫০ টাকা

40. কোন বৃত্তের উপর অবস্থিত দুটি বিন্দুর সংযোজক সরলরেখা কেন্দ্রগামী হলে তাকে _______ বলে।

(a) বাহু (b) ব্যাসার্ধ (c) ব্যাস (d) জ্যা

41. ? চিহ্নিত স্থানে সঠিক সংখ্যা বসাও :

৪	১০	৫
৮	৩২	৮
৬	?	৭

(a) ১৪ (b) ২০ (c) ৩৪ (d) ২১

42. তোমাদের বিদ্যালয়ে ২৩ তারিখে শিশু শ্রেণীতে ২৭ জন, প্রথম শ্রেণীতে ২৪ জন, দ্বিতীয় শ্রেণিতে ৩৫ জন, তৃতীয় শ্রেণীতে ৩২ জন ও চতুর্থ শ্রেণিতে ২৭ জন ছাত্রছাত্রী এসেছে। ওই দিন প্রতি শ্রেণিতে গড়ে কত জন ছাত্রছাত্রী এসেছে?

(a) ২৭ (b) ২৮ (c) ২৯ (d) ৩০

43. সুবীরের চেয়ে তার বোন ৩ বছর ৪ মাস ১১ দিনের ছোট। সুবীরের বর্তমান বয়স ৯ বছর ২ মাস ১৮ দিন হলে, বোনের বয়স কত?

(a) ৫ বছর ১০ মাস ৭ দিন (b) ৬ বছর ২ মাস ৭ দিন (c) ৫ বছর ২ মাস ৭ দিন (d) ৬ বছর ১০ মাস ৭ দিন

44. আজ তোমাদের বিদ্যালয়ে আঁকার ক্লাস শুরু হল ২ টো ৩৫ মিনিটে। ৩৫ মিনিট আঁকার ক্লাস চলল, তারপর ছুটি হল। তোমাদের আজ ছুটি হল কখন?

(a) ২ টো তে (b) ২ টো ৩৫ মিনিটে (c) ৩ টে তে (d) ৩ টে ১০ মিনিটে

45. একটি পেন্সিলের এক প্রান্ত একটি স্কেলের ১ সেমি দাগের সাথে মেলান রয়েছে। পেন্সিলের অন্য প্রান্তটি স্কেলটির ৭ সেমি দাগের সাথে মিলেছে। পেন্সিলটির দৈর্ঘ্য কত?

(a) ৫ সেমি (b) ৬ সেমি (c) ৭ সেমি (d) ৮ সেমি

46. ৩ মাস ২৩ দিন = কত দিন ?

(a) ২৩ দিন (b) ১১৩ দিন (c) ১১৩ মাস (d) ৩২৩ দিন

47. একটি ১০ টাকার কয়েন ভাঙলে কতগুলি ৫০ পয়সা পাওয়া যাবে?

(a) ১০ টি (b) ১৫ টি (c) ২০ টি (d) ২৫ টি

48. ০.৩, ০.০৩, ০.০০৩, ০.০০০৩ – এদের মধ্যে সবচেয়ে বড় কোনটি?

(a) ০.৩ (b) ০.০৩ (c) ০.০০৩ (d) ০.০০০৩

49. কোন্ চিত্রটি সমকোণী ত্রিভুজ ?

(a) (b)  (c) (d) 

50. ৩৬৫ – নীচের কোন্‌টি ঠিক ?

(a) ৩০০ + ৬০ + ৫ (b) ৫০০ + ৬০ + ৩ (c) ৬০০ + ৩০ + ৫ (d) কোনটিই নয়